

গত ১৫ সেপ্টেম্বর ২০২৫ রোজ সোমবার বেগুনবাড়ি (রামপুরা) খালের উপর ২টি ইম্পাতের যানবাহন চলাচল সেতু (বনশ্রী থেকে আফতাব নগর সংযোগকারী ফুটপাথ সহ ২ লেন) এবং ০১টি ইম্পাতের পথচারি সহ ৩টি সেতুর নির্মাণ কাজের উদ্বোধন করা হয়। উক্ত অনুষ্ঠানে ঢাকা উত্তর সিটি করপোরেশন ডিএনসিসির প্রশাসক মোহাম্মদ এজাজ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়াও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডিএনসিসির প্রধান নির্বাহী কর্মকর্তা মো. মামুনুল হাসান, প্রধান প্রকৌশলী ব্রিগেডিয়ার জেনারেল মো. মঈন উদ্দিন, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ব্রিগেডিয়ার জেনারেল ইমরুল কায়েস চৌধুরী, ঢাকা মেট্রোপলিটন পুলিশের অতিরিক্ত পুলিশ কমিশনার মো. সারওয়ার এবং বাংলাদেশ নৌবাহিনীর ডকইয়ার্ড অ্যান্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক কমডোর জাহাঙ্গীর আদিল সামদানী, (ট্যাজ), এনজিপি, এনডিসি, পিএসসি, বিএন। এছাড়া ঢাকা উত্তর সিটি করপোরেশনের বিভাগীয় প্রধানগণ, আঞ্চলিক নির্বাহী কর্মকর্তারা এবং বনশ্রী আফতাবনগরের বিপুল সংখ্যক সাধারণ মানুষ অনুষ্ঠানে উপস্থিত ছিল। এই সেতুগুলোর নির্মাণ সহযোগী হিসেবে কাজ করবে বাংলাদেশ নৌবাহিনীর ডকইয়ার্ড অ্যান্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিমিটেড।

লিংক নিম্নরূপ।

১. <https://www.ittefaq.com.bd/752075>